

জীবনে যত পূজা হল না সারা,  
জানি হে জানি তাও হয় নি হারা ।  
যে ফুল না ফুটিতে ঝরেছে ধরণীতে  
যে নদী মরুপথে হারালো ধারা  
জানি হে জানি তাও হয় নি হারা ॥  
জীবনে আজো যাহা রয়েছে পিছে,  
জানি হে জানি তাও হয় নি মিছে ।  
আমার অনাগত        আমার অনাহত  
তোমার বীণা-তারে বাজিছে তারা—  
জানি হে জানি তাও হয় নি হারা ॥

---

Parjaay: Pujā, Taal: Teyora/Rupakra, Raag: Bhairavi  
Visit [www.geetabitan.com](http://www.geetabitan.com) for notation and other detail